

তারিখ: ২৮.৫.২০২৫

প্রেস বিজ্ঞপ্তি

### টিসিবি ফ্যামিলি কার্ডের মাধ্যমে নাগরিক সেবা বৃদ্ধি করতে হবে: মেয়র ডা. শাহাদাত হোসেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশন ও লক্ষাধিক টিসিবি ফ্যামিলি কার্ড বিতরণের লক্ষ্যে কাজ করছে বলে জানিয়েছেন চট্টগ্রাম সিটি মেয়র ডা. শাহাদাত হোসেন। "টিসিবির পণ্য প্রাপ্তি নাগরিকদের অধিকার। বিশেষ করে যারা অসচ্ছল, তাদের জন্য এই সহায়তা কার্যক্রম আরও সহজ ও কার্যকর করতে হবে। এজন্য ফ্যামিলি কার্ডভিত্তিক একটি স্বচ্ছ ও টেকসই ব্যবস্থা গড়ে তুলতে হবে"—বলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। বুধবার চসিক কার্যালয়ের সম্মেলন কক্ষে ট্রেডিং কর্পোরেশন অব বাংলাদেশ (টিসিবি)-এর চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ ফয়সল আজাদের সঙ্গে এক মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন। সভায় মেয়র জানান, চট্টগ্রাম নগরীতে অসচ্ছল ও নিম্নআয়ের মানুষদের জন্য ৩ লক্ষ টিসিবি ফ্যামিলি কার্ড বিতরণের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, "সরকারিভাবে ভর্তুকি দিয়ে টিসিবির মাধ্যমে যে খাদ্যপণ্য দেওয়া হচ্ছে, তা যেন প্রকৃত উপকারভোগীদের হাতে পৌঁছায়, সেজন্য সিটি কর্পোরেশন নিরবচ্ছিন্ন কাজ করে যাচ্ছে। আমরা চাই, কোনো মধ্যস্বত্বভোগী বা অনিয়মের সুযোগ যেন না থাকে।" মেয়র আরও বলেন, "ফ্যামিলি কার্ডের মাধ্যমে যে তথ্যভিত্তিক ডাটাবেইস তৈরি হচ্ছে, তা ভবিষ্যতে আরও সামাজিক সুরক্ষা কার্যক্রমে ব্যবহার করা যাবে। একটি টেকসই নগরী গঠনে দরিদ্রবান্ধব নীতিমালা ও কার্যক্রম জরুরি।" টিসিবির চেয়ারম্যান ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ ফয়সল আজাদ চট্টগ্রাম সিটি কর্পোরেশনের এ উদ্যোগকে সাধুবাদ জানিয়ে বলেন, "মেয়র ডা. শাহাদাত হোসেনের কার্যকর নেতৃত্ব ও পরিকল্পনায় অসচ্ছল নাগরিকদের কাছে পণ্য পৌঁছানো সহজ হয়েছে। চট্টগ্রামে এই কার্যক্রম একটি রোল মডেল হয়ে উঠতে পারে।" মতবিনিময় সভায় আরও উপস্থিত ছিলেন চসিকের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলাম, সচিব মো. আশরাফুল আমিনসহ কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তারা।



### চট্টগ্রামে আন্তর্জাতিক মানের নার্সিং ইন্সটিটিউট গড়ে তোলা হবে: মেয়র ডা. শাহাদাত হোসেন

ফিরিঙ্গী বাজারে সিটি কর্পোরেশন মিডওয়াইফারি ইনস্টিটিউট পরিদর্শনে মেয়রের ঘোষণা

চট্টগ্রামে আন্তর্জাতিক মানের নার্সিং ইন্সটিটিউট গড়ে তোলার ঘোষণা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র ডা. শাহাদাত হোসেন। তিনি বলেন, "জাতীয় প্রয়োজনের কথা মাথায় রেখে নার্সিং খাতে দক্ষ মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে একটি বিশ্বমানের ইন্সটিটিউট প্রতিষ্ঠা করা হবে।" বুধবার (২৮ মে) নগরীর ফিরিঙ্গী বাজারে অবস্থিত চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত মিডওয়াইফারি ইনস্টিটিউট পরিদর্শনকালে তিনি এ মন্তব্য করেন। পরিদর্শনের সময় মেয়র ইনস্টিটিউটের শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম, অবকাঠামোগত সীমাবদ্ধতা ও জনবলসংকট সম্পর্কে অবগত হন এবং এসব সমস্যা দ্রুত সমাধানের আশ্বাস দেন। মেয়র বলেন, "চসিক পরিচালিত মিডওয়াইফারি ইনস্টিটিউট ইতোমধ্যে দক্ষ মিডওয়াইফ তৈরি করে মা ও শিশুস্বাস্থ্য রক্ষায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। আমরা এই সফলতা আরও বিস্তৃত করতে চাই। প্রয়োজনে শ্রীলঙ্কা, ফিলিপাইন ও ইন্দোনেশিয়ার মতো নার্সিং খাতে অগ্রসর দেশগুলোর অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে প্রশিক্ষক এনে নার্সদের আন্তর্জাতিকমানের প্রশিক্ষণ দেওয়া হবে।" তিনি আরও বলেন, "চট্টগ্রাম শুধু একটি বাণিজ্যিক শহর নয়, এটি স্বাস্থ্যসেবার ক্ষেত্রেও একটি রোল মডেল হিসেবে গড়ে উঠবে। এজন্য নার্সিং শিক্ষার মান উন্নয়ন জরুরি।" পরিদর্শনকালে উপস্থিত ছিলেন চসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. মো. ইমাম হোসেন রানা, প্রধান প্রকৌশলী আনিসুর রহমানসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ ও প্রটোকল কর্মকর্তা

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০৪৮৮